

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

Website: www.nmst.gov.bd



নং: ৩৯.০৩.০০০০.০০৫.১১.০০২.২০- ২০৭২

তারিখ: ৫/১০/২০২০ খ্রি:

নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের রাজস্বখাতের আওতায় গাড়ীচালক-এর শূন্য পদে অস্থায়ীভাবে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	বয়সসীমা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
১	গাড়ী চালক	২	১৮-৩০	টাকা ৯৩০০-২২৪৯০	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কার, বাস, ট্রাক ইত্যাদি চালানোর ক্ষেত্রে অনূন্য ২(দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ উক্তরূপ গাড়ী চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে।

আবেদনের শর্তাবলী:

- আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ: ৪/১১/২০২০ খ্রিস্টাব্দ।
- আবেদনপত্র ডাকযোগে মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর আগামী ৪/১১/২০২০ খ্রি: তারিখ অফিস সময়ের মধ্যে পৌছাতে হবে। সরাসরি দাখিলকৃত কোন আবেদনপত্র এবং নির্ধারিত তারিখ উত্তীর্ণের পর ডাকযোগে বা অন্য কোনভাবে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- সরকার নির্ধারিত চাকরির আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরমের নমুনা এ অফিসের website: www.nmst.gov.bd থেকে বা জনপ্রশাসন মন্ত্রণালয়ের website: www.mopa.gov.bd থেকে ডাউনলোড করা যাবে বা অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।
- আবেদনপত্রের খামের উপরের ডান পাশে পদের নাম, বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে এবং আবেদনপত্রের সাথে প্রার্থীর যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক ৫.০০ টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেট সংযুক্ত ৯.৫" x ৪" পরিমাপের একটি খাম দিতে হবে।
- প্রার্থীর বয়সসীমা ৪/১১/২০২০ খ্রি: তারিখে ১৮-৩০ বৎসর এবং মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রার্থীদের বয়স ৩২ বৎসরের মধ্যে হতে হবে। বয়সের বেলায় এফিডেবিট গ্রহণযোগ্য নহে। মহিলা ও অন্যান্য কোটার ক্ষেত্রে প্রচলিত সরকারি নীতিমালা/বিধিবিধান প্রযোজ্য হবে।
- সরকারি/আধা-সরকারি সংস্থায় চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।
- আবেদনপত্রের সাথে বাংলাদেশের যে কোনো তফসিলি ব্যাংক থেকে মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা-এর অনুকূলে প্রার্থীদের ১০০/- (একশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে। এ ছাড়া ৫ সে.মি x ৫ সে.মি. আকারের ২(দুই) কপি ছবি ব্যতীত আর কোন কাগজপত্র জমা দিতে হবে না।
- অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ যে কোনো বা সকল আবেদনপত্র বাতিল করতে পারেন। এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত।

৫/১০/২০২০

(মোঃ ইমতিয়াজ হোসেন)
পরিচালক (যুগ্মসচিব)
মহাপরিচালকের পক্ষে।